

উপজেলা পরিষদ কার্যালয়  
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভা.ম/উপজেলা কমিটি/২০২৩-

তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রিঃ।

নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/১১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(সেলিনা আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা .....অফিসার, ভালুকা।
- ৫। চেয়ারম্যান.....ইউ.পি. ভালুকা, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়  
ভালুকা, ময়মনসিংহ।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী সভার কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৪/১১/২০২৩ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে ভালুকা উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>চেয়ারম্যান, ২নং মেদুয়ারী ইউ.পি বলেন, প্রত্যেক মানুষের কাছে সবচাইতে প্রিয় তার মা। জন্মের পর মাই তার সন্তানকে পরম যত্নে বুকে তুলে নেন। অনেক ক্ষেত্রে নিজে না খেয়েও তাদের শিশুর মুখে খাবার তুলে দেন। সেই মায়েদের পুষ্টি, স্বাস্থ্য রক্ষায় দেশ, রাষ্ট্র, সমাজ ও পরিবারকে অবশ্যই এগিয়ে আসতে হবে। সারা দেশের হাত দরিদ্র পরিবারের মেয়েরা যাতে শৈশবেই মা হওয়ার মত বিপর্যয়ের মুখোমুখি না হয় সেদিকেও গুরুত্ব দিতে হবে। আর যারা ওই বয়সেই দুর্ভাগ্যজনকভাবে মা হয়ে গেছেন তারা যেন অপুষ্টিতে না ভোগে সেদিকেও খেয়াল রাখতে হবে। মাতৃত্বকালীন ভাতার মাধ্যমে একজন মাকে সাড়ে তিনশত টাকা দিয়ে সম্মান করা হয়। তা যৎসামান্য। হতদরিদ্র মায়েরা কিছুটা হলেও পুষ্টির অভাব পূরণ করতে পারেন। চেয়ারম্যান, ধীতপুর, ইউ.পি বলেন দরিদ্রতার কারণে অত্র এলাকার মেয়েদের অল্প বয়সে বিয়ে দিয়ে দেয় তার অভিভাবক। বাল্যবিয়ের কারণে বছর না ঘুরতেই মা হয়ে যায় তারা। সেসঙ্গে বাড়তে থাকে তাদের সন্তানের সংখ্যাও। রপ্তা ও অপুষ্টিজনিত কারণে অস্থিসার মায়েরা ছয় থেকে সাতটি পুষ্টিহীন সন্তান লাভ করেন। এভাবে তারা বেড়ে ওঠে। কাঁটে তাদের শৈশব। আর উনিশ-বিশ বছরের কিশোরী মা কুড়িতেই বুড়ি হয়ে যায়। এসব মায়েদের জন্য দরকার সুবিবেচিত বাজেট। বাড়ানো দরকার মাতৃত্বকালীন ভাতার বরাদ্দ। আলোচনায় নারীর উন্নয়নে প্রথমে উঠে আসে যে কথাটি, তা হলো আমাদের কাছের মানুষ, প্রিয় মানুষ মা। মা কথাটি যুক্ত হয়ে এক ভিন্ন মাত্রা যোগ হয়েছে। হত দরিদ্র মায়েদের সামাজিক নিরাপত্তার বলয় তৈরি করা হয়েছে মাতৃত্বকালীন ভাতা দিয়ে।</p>	<p>বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।</p> <p>ইউ.পি চেয়ারম্যানগণের প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সেলিনা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ভালুকা।

তারিখঃ ২৪/১১/২০২৩ খ্রিঃ

স্মারক নং-মহিলা ও শিশু/ভা.ম/২০২৩-






অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার

ভালুকা, ময়মনসিংহ।

২৪/১১/২০২৩ খ্রিঃ তারিখ মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত  
সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষর
১.	জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা।	আহবায়ক	
২.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৩.	মেয়র, ভালুকা পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৪.	চেয়ারম্যান, ২নং মেদুয়ারী ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৫.	এডভোকেট শওকত আলী, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৬.	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য সচিব	